



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
জেলা সমবায় অফিস, নোয়াখালী।
coop.noakhali.gov.bd



নম্বর: ৪৭.৬১.৭৫০০.০০০.৩৫.০০২.২০.৩২৪

তারিখ: ৩ ফাল্গুন ১৪২৮

১৬ ফেব্রুয়ারি ২০২২

অফিস আদেশ

নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ উপজেলাধীন “তালেব মোহাম্মদেরহাট ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ” এর ব্যবস্থাপনা কমিটি তাদের মেয়াদকালের মধ্যে নির্বাচন অনুষ্ঠানে ব্যর্থ হওয়ায় সমিতির বিগত ১০-০২-২০২২খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত ও উপজেলা সমবায় অফিসার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী এর স্মারক নং-৬৫, তারিখ : ১৫-০২-২০২২খ্রি. মূলে প্রেরিত পত্রের সুপারিশক্রমে সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত/২০০২ ও ২০১৩) এর ১৮(৫) ধারা অনুযায়ী নিম্নবর্ণিত ব্যক্তিবর্গের সমন্বয়ে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ করা হলো।

ক্র: নং	নাম ও পরিচিতি	কমিটিতে পদবী
০১.	জনাব আকবর হোসেন, সদস্য নং- ২৪৪, তালেব মোহাম্মদেরহাট ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।	সভাপতি
০২.	জনাব জসিম উদ্দিন মওদুদ, সদস্য নং- ১৭৬, তালেব মোহাম্মদেরহাট ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।	সদস্য
০৩.	জনাব সাহাব উদ্দিন ছুটি, সদস্য নং- ২৪৮, তালেব মোহাম্মদেরহাট ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।	সদস্য

নিয়োগকৃত কমিটির মেয়াদ আদেশ জারীর তারিখ হতে ১২০ (একশত বিশ) দিন পর্যন্ত বলবৎ থাকবে। বর্ণিত মেয়াদকালের মধ্যে নির্বাচন অনুষ্ঠান সম্পন্ন করতঃ নির্বাচিত কমিটির নিকট দায়িত্বভার হস্তান্তর নিশ্চিত করতে হবে।

উল্লেখ্য যে, নিবন্ধক ও মহাপরিচালক), সমবায় অধিদপ্তর, ঢাকা মহোদয় এর কার্যালয়ের স্মারক নং-৪২৮, তারিখ : ০১-০৮-২০০৭খ্রি. মূলে আরোপিত শর্তাবলীতে অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি সমিতির নির্বাচনসহ দৈনন্দিন স্বাভাবিক কার্যক্রম ব্যতীত সমিতিতে কোন সদস্য ভর্তি করাসহ গুরুত্বপূর্ণ নীতি নির্ধারণী বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে না।


১৬-২-২০২২

মোঃ ইমরান হোসেন
জেলা সমবায় কর্মকর্তা
ফোন: ০৩২১-৬১৪৪২

ইমেইল: dco.noakhali@yahoo.com

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১) জনাব আকবর হোসেন হারুন, সভাপতি, অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি, তালেব মোহাম্মদেরহাট ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী। তাঁকে মেয়াদ উত্তীর্ণ ব্যবস্থাপনা কমিটির নিকট হতে দায়িত্বভার বুঝে নেয়ার জন্য অনুরোধ করা হলো।
- ২) জনাব জসিম উদ্দিন মওদুদ, সদস্য, অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি, তালেব মোহাম্মদেরহাট ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
- ৩) জনাব সাহাব উদ্দিন ছুটি, সদস্য, অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি, তালেব মোহাম্মদেরহাট ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
- ৪) সভাপতি/সম্পাদক, মেয়াদ উত্তীর্ণ ব্যবস্থাপনা কমিটি, তালেব মোহাম্মদেরহাট ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী। তাঁকে নিয়োগকৃত অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটির নিকট দায়িত্বভার হস্তান্তর করার জন্য অনুরোধ করা হলো।
- ৫) উপজেলা সমবায় অফিসার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
- ৬) সংশ্লিষ্ট নথি।



১৬-২-২০২২

মোঃ ইমরান হোসেন
জেলা সমবায় কর্মকর্তা